দর্শনায় ৫২ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় ৫২ বোতল ভারতীয় ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া দক্ষিন পাড়ার আঃ রবের ছেলে আক্তারুল ইসলাম (৪৫)।

পুলিশ জানায় মঙ্গলবার (১২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই শামিম রেজা এএসআই মামুনুর রহমান, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে সীমান্তবর্তী ছয়ঘরিয়া গ্রামের আক্তারুল ইসলামের স্বীকারক্তিতে বসত বাড়ীর রান্না ঘরে। পুলিশ রান্না ঘরের ভিতর থেকে প্লাষ্টিকে মোড়ানো ৫২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় এস আই শামীম বাদী হয়ে আক্তারুল ইসলামের বিরুদ্ধে ১৯৭৪ সালের মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ রাজিব ইসলাম (২৫) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব ১২)।

আজ রবিবার (৩০ জুলাই) দুপুরে গাংনী উপজেলার গাংনী-সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭ কেজি গাঁজা একটি

ইজিবাইক ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেফতারকৃত রাজিবুল ইসলাম কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার অঞ্জনগাছী গ্রামের নজরুল ইসলামের ছেলে।

গাংনী র্যাব ১২ কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, এই মাদক ব্যবসায়ী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানা হতে মেহেরপুর জেলার গাংনী থানায় এসে মাদকদ্রব্য গাঁজা ক্রয় করে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের নিকট বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।